ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৭২ ● কলকাতা ● ০২ চৈত্র, ১৪৩১ ● রবিবার ● ১৬ মার্চ ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## শুভেন্দুর জেলায় বাড়তি নজর অভিষেকের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বাংলায় বিধানসভা নির্বাচনের আর বছর খানেক বাকি। তার আগে বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর জেলা পূর্ব মেদিনীপুরে বাড়তি নজর তৃণমূলের। শনিবার দলের সব স্তরের নেতাদের সঙ্গে ভার্চুয়ালি বৈঠকে পূর্ব মেদিনীপুরের নেতাদের সতর্ক করলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।এদিন পূর্ব মেদিনীপুরের দুই বিজেপি সাংসদ অভিজিৎ গঙ্গোপাধ্যায় ও

এরপর ২ পাতায়

## ২৮৫ দিনের ব্যবধানে মেগা বৈঠকে অভিষেক! ৫ দিনের মধ্যে জেলাভিত্তিক কোর কমিটি




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

গত বছরের ২ জুনের পর চলতি বছরের ১৫ মার্চ। ২৮৫ দিনের ব্যবধানে ফের মেগা বৈঠকে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। অতীতে শাসকদলের অধিকাংশ বৈঠকই ফেসবুক লাইভে দেখা গিয়েছে। সেদিক থেকেও এদিনের রুদ্ধদ্বার বৈঠক বিশেষ তাৎপর্যপূর্ণ বলেই মনে করা হচ্ছে। বৈঠকে রাজ্য কমিটি, জেলা সভাপতি, সাংসদ, বিধায়ক, জেলা পরিষদের সব সদস্য এবং কলকাতা সহ সকল পুরসভার সমস্ত কাউন্সিলররা উপস্থিত ছিলেন। সব মিলিয়ে সংখ্যাটা প্রায় সাড়ে চার হাজার।

সন্দেহ নেই, এই ছবিটায় অনেকেই একটা বৈপরীত্য দেখতে পাচ্ছেন। লোকসভা ভোট-পরবর্তী সময়ে তৃণমূলের সাংগঠনিক বিষয়আশয় নিয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায়কে খুব কমই সক্রিয় থাকতে দেখা গিয়েছে। বরং এও দেখা গিয়েছে যে, দলের বিধায়কদের

এরপর ৩ পাতায়






# ২৫টি জেলায় সভাপতির নাম ঘোষণা বিজেপির



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ঘর গোছানোর প্রক্রিয়া শুরু হয়ে গেল বঙ্গ বিজেপির অভ্যন্তরে। শুক্রবার সবাই যখন দোল উৎসবে ব্যস্ত, তারই মধ্যে ২৫টি সাংগঠনিক জেলার সভাপতিদের নাম ঘোষণা করে দিল পদ্মশিবির । এর মধ্যে নতুন মুখ ১৭ জন। উত্তর এবং দক্ষিণ কলকাতা-সহ ৮টি সাংগঠনিক জেলায় সভাপতি অবশ্য অপরিবর্তিত রাখা হয়েছে।সভাপতি পদে বদল আনা হয়েছে বসিরহাটে। শুভেন্দু অধিকারীর ঘনিষ্ট হিসেবে পরিচিত প্রাক্তন সভাপতি তাপস ঘোষকে সরিয়ে দায়িত্বে আনা হল সুকল্যান বৈদ্যকে। একইভাবে আসানসোল সাংগঠনিক জেলার সভাপতির দায়িত্ব পেলেন হিন্দু সংহতির নেতা থেকে গত লোকসভা নির্বাচনে বীরভূমে বিজেপির প্রার্থী হওয়া দেবতনু ভট্টাচার্য। দেবতনু রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের ঘনিষ্ট হিসেবে পরিচিত।

বিরোধী দলনেতার খাসতালুক হিসেবে পরিচিত কাঁথিতেও জেলা সভাপতি পদে বদল আনা হয়েছে। জেলায় বিধায়ক অরুপকে সরিয়ে সোমনাথ রায়কে দায়িত্ব দেওয়া হল। হলদিয়ায় দলবদলু বিধায়ক তাপসী মণ্ডলের জায়গায় সাংগঠনিক দায়িত্ব দেওয়া হয়েছে মলয় সিংকে।সূত্রের খবর, নতুন ১৭টি মুখের মধ্যে অধিকাংশই সঙ্ঘ ঘনিষ্ঠ। তাৎপর্যপূর্ণভাবে নতুন সভাপতিদের তালিকায় রয়েছে সংগঠনের একাধিক পুরনো নেতাও। যা থেকে স্পষ্ট, ২৬ সালে বিধানসভা ভোটের আগে সংগঠনকে শক্তিশালী করতে সংঘ ঘনিষ্ট এবং প্রাক্তনদের গুরুত্ব বাড়ানোর প্রক্রিয়া শুরু হল।

তবে এখনও ১৮টি সাংগঠনিক জেলার সভাপতির নাম ঘোষণা করা হয়নি। কবে হবে তাও স্পষ্ট নয়। ৪২টি জেলায় সাংগঠনিক জেলা সভাপতি পরিবর্তনের পরই নতুন রাজ্য সভাপতির নাম ঘোষণা করা হতে পারে। সেদিক থেকে রাজ্য সভাপতি পদে কে বসতে পারেন, তা নিয়ে দলের অভ্যন্তরের চর্চায় উঠে আসছে বেশ কয়েকটি নাম।

সূত্রের খবর, উত্তর এবং দক্ষিণ কলকাতা সাংগঠনিক জেলায় সভাপতি পরিবর্তন না হলেও উত্তর কলকাতা শহরতলীতে আইনজীবী অরিজিৎ বক্সিকে সরিয়ে সেখানে দায়িত্ব দেওয়া হয়েছে চণ্ডীচরণ রায়কে। একইভাবে আরামবাগ সাংগঠনিক জেলায় এতদিন সভাপতি ছিলেন পুরশুরার বিধায়ক বিমান ঘোষ। তার জায়গায় আনা হল প্রাক্তন জেলা সভাপতি সুশান্ত বেরাকে। শ্রীরামপুরেও সভাপতি পদে বদল আনা হয়েছে। সেখানে জেলা সভাপতি করা হল সুমন ঘোষকে।

# বীরভূমের ঘটনা নিয়ে মমতা রাজনীতি করছে বললেন অগ্নিমিত্রা



বেবি চক্রবর্ত্তী: কলকাতা

গতকাল বীরভূমে সংঘটিত সংঘর্ষের বিষয়ে বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পাল বলেছেন, "গতকাল পশ্চিমবঙ্গে দৌল উৎসব পালিত হয়েছিল এবং আজ হোলি পালিত হচ্ছে। বীরভূম জেলার সাঁইথিয়া শহরে সহিংসতা ঘটেছে এবং ইন্টারনেট বন্ধ করে দেওয়া হয়েছে। কেন কেবল হিন্দুদের উৎসবের সময় সহিংসতা ঘটে?এই ঘটনার পিছনে কে এবং প্রশাসন কেন নীরব? মমতা বন্দ্যোপাধ্যায় সরকার তোষণের রাজনীতি করছে।

(১ম পাতার পর)

# শুভেন্দুর জেলায় বাড়তি নজর অভিষেকের

সৌমেন্দু অধিকারীকেও কটাক্ষ করেন অভিষেক। তাঁরা 'রিমোট কন্ট্রোল'-র মতো চালিত হন বলে কটাক্ষ করেন তিনি।চব্বিশের লোকসভা নির্বাচনে দলের নেতাদের নিজেদের ঝগড়ার জেরে তৃণমূল কাঁথি আসনে হেরেছে বলে তিনি মন্তব্য করলেন। পূর্ব মেদিনীপুরের নেতাদের নিয়ে তিনি বৈঠক করবেন বলেও জানালেন। একইসঙ্গে ছাব্বিশের বিধানসভা নির্বাচনে পূর্ব মেদিনীপুর থেকে কমপক্ষে কটি আসন জেতার লক্ষ্য নিচ্ছে তৃণমূল, তাও স্পষ্ট করে দিলেন।

চব্বিশের লোকসভা নির্বাচনে পূর্ব মেদিনীপুরের দুটি আসনই জিতেছে বিজেপি। এদিন ভার্চুয়াল বৈঠকে অভিষেক বলেন, "পূর্ব মেদিনীপুরে নিজেদের মধ্যে ঝগড়ার জন্য কাঁথি আসন হেরেছি। যদি সর্বশক্তি প্রয়োগ করতাম তাহলে জিততে পারতাম।" গোষ্ঠীদ্বন্দ্ব নিয়ে পূর্ব মেদিনীপুরের নেতাদের এদিন সতর্ক করে দেন অভিষেক। পশ্চিম মেদিনীপুরের কথা তুলে ধরে তিনি বলেন, "পশ্চিম মেদিনীপুরের মানুষ তো ভুল বোঝেননি। পাশের জেলায় মানুষ ভুল বুঝলেন কেন?"

কারও নাম না নিয়ে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক বলেন, "আমাদের দলের একাধিক নেতা রয়েছেন, যাঁরা অন্যকে ছোট করতে গিয়ে দলের ক্ষতি করছেন। আমি নেতাজি ইন্ডোরের সভায় বলেছিলাম। এই কাজ করবেন না। দলকে বিপদে ফেলবেন না। আমি কিন্তু প্রত্যেকের গতিবিধি নজরে রেখেছি। আমি জানি, নির্বাচনের সময় কে কার সঙ্গে যোগাযোগ রেখেছিল। আমি কিন্তু যা বোঝার বুঝে গিয়েছি।"

ছাব্বিশের নির্বাচনে পূর্ব মেদিনীপুর থেকে কমপক্ষে কতগুলি আসন জেতার লক্ষ্যমাত্রা নিয়েছে তৃণমূল, তাও এদিন স্পষ্ট করে দেন অভিষেক। তিনি বলেন, আগামী বিধানসভা নির্বাচনে পূর্ব মেদিনীপুর থেকে কমপক্ষে ১২টি আসন জিততে হবে। প্রসঙ্গত, একুশের বিধানসভা নির্বাচনে পূর্ব মেদিনীপুরের ১৬টি আসনের মধ্যে ৯টিতে জয়ী হন তৃণমূল প্রার্থীরা। বিজেপি পায় ৭টি আসন। তবে কয়েকদিন আগে হলদিয়ার বিজেপি বিধায়ক তাপসী মণ্ডল তৃণমূলে যোগ দিয়েছেন। গতবারের থেকে ছাব্বিশে পূর্ব মেদিনীপুরে যে বেশি আসন জিততে হবে, তা বুঝিয়ে দিলেন অভিষেক।







(১ম পাতার পর)

# ২৮৫ দিনের ব্যবধানে মেগা বৈঠকে অভিষেক! ৫ দিনের মধ্যে জেলাভিত্তিক কোর কমিটি

বৈঠকে ডেকে মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়ে দিচ্ছেন, তিনিই সংগঠন দেখবেন। তাঁর কথাই শেষ কথা। কিন্তু ইনডোরের বৈঠকের পর যেন রাতারাতি একটা বদল দেখা যাচ্ছে বলে মনে করছেন অনেকেই। এদিনের বৈঠকের পর তা আরও স্পষ্ট হয়ে গেল।

পর্যবেক্ষকদের অনেকের মতে, শনিবারের বৈঠককে একটি নতুন অধ্যায় বা মাইলফলক বলে হয়তো চিহ্নিত করা যেতে পারে। কারণ, ছাব্বিশের ভোটের আগে ফের যেন গুছিয়ে প্যাড-গ্লাভস পরে আস্ত দলকে মাঠে নামার বার্তা দিলেন অভিষেক। বাকিটা সময় বলবে।যে বৈঠক থেকে ভোটার তালিকা ইস্যুতে 'ভূত' ধরতে পয়েন্ট ধরে ধরে এক, দুই, তিন, চার করে দলের নেতা, কর্মীদের 'টাস্ক' ঠিক করে দিলেন অভিষেক।ভোটার তালিকা সংশোধনের ক্ষেত্রে তৃণমূল কতটা গুরুত্ব দিচ্ছে তা বোঝাতে এদিনের বৈঠক থেকে অভিষেক জানিয়ে দেন, এই কাজে ব্লক ইলেকটোরাল রোল সুপারভাইজার (BERS) নিয়োগ করবে তৃণমূল। যারা সারাবছর ইলেকটোরালের কাজ করবে। ব্লক, অঞ্চল, ওয়ার্ডেও এই কাজ করা হবে।

অভিষেকের কথায়, "এটা প্রশাসনিক পদ নয়, এটা হবে দলের পদ। একই ভাবে টাউন ইলেকটোরাল রোল সুপারভাইজার ও পঞ্চায়েত ইলেকটোরাল রোল সুপারভাইজার গঠন করা হবে। তাঁদের কাজ হবে ভোটার তালিকা ভালভাবে খতিয়ে দেখা।"

তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক জানান, ভোটার তালিকা খতিয়ে দেখার জন্য আগামী ৫ দিনের মধ্যে জেলাভিত্তিক কোর কমিটি গঠন করা হবে। একইভাবে ২১ থেকে ২৭ মার্চের মধ্যে ব্লকে ব্লকে কোর কমিটি গঠন করা হবে। ২৮ মার্চ থেকে ৩ এপ্রিলের মধ্যে অঞ্চল ও ওয়ার্ডে কোর কমিটি তৈরি করে দেওয়া হবে। ১৬ এপ্রিল থেকে ফিজিক্যাল ভেরিফিকেশন শুরু হবে। এই কাজ ২০২৬ সালের ভোট অবধি চলবে। অর্থাৎ ভোটার তালিকায় একটি ভূতুড়ে ভোটারও যেন না থেকে যায়, এটা নিশ্চিত করতে চাইছেন অভিষেক।

পইপই করে জানিয়ে দেন, "তিন মাস ভোটার তালিকার কাজ করে তারপর ছেড়ে দিলাম সেটা হবে না। বছরে চার বার ভোটার লিস্টের কাজ হয়। তাই নিয়মিত ভোটার লিস্ট নিয়ে সজাগ ও সতর্ক থাকতে হবে।"

কীভাবে স্ক্রুটিনি করতে হবে, তাও মনে করিয়ে দিয়েছেন অভিষেক। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক বলেন, "স্ক্রুটিনিতে একা যাবেন না। যারা সক্রিয় কর্মী তাদের চার, পাঁচ জনকে নিয়ে যাবেন। কোথাও সন্দেহজনক মনে হলে প্রশাসনের সাহায্য নিন। বুথের সক্রিয় কর্মীদের ইনভলভ করুন। খালি টিক মেরে চলে এলে হবে না। আবার বলছি এনসিপি, কংগ্রেস এই ভুল ধরতে পারেনি। মমতা বন্দ্যোপাধ্যায় এটা ধরে ফেলে এক্সপোজ করে দিয়েছেন। এই জন্যেই বলি বাংলা-গুজরাত, মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ নয়। ওদের পরিকল্পনা ছিল, বাইরে থেকে এই সব ভোটার নিয়ে এসে ভোট করানোর।"

প্রসঙ্গত. গত ২৭ ফেব্রুয়ারি নেতাজি ইনডোরে তৃণমূলের বর্ধিত কর্মিসভার বৈঠক হয়েছিল। সেই বৈঠকে মমতা বন্দ্যোপাধ্যায় অভিযোগ করেছিলেন, কমিশনকে কাজে লাগিয়ে ভোটার লিস্টে ভূতুড়ে ভোটার ঢুকিয়ে দিচ্ছে পদ্ম শিবির। এভাবেই দিল্লি, মহারাষ্ট্রের ক্ষমতা বিজেপি দখল করেছে বলেও অভিযোগ করেছিলেন নেত্রী।

সেই সব ভূত ঝাড়াই বাছাইয়ের জন্য রাজ্যস্তরে একটি স্ক্রুটিনি কমিটি গঠন করে দিয়েছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। সেই কমিটিতে ছিলেন সুব্রত বক্সী, অরূপ বিশ্বাস, ফিরহাদ হাকিম প্রমুখ। কমিটিতে অভিষেক বন্দ্যোপাধ্যায়কেও রাখা হয়েছিল। কিন্তু তৃণমূল ভবনে কমিটির প্রথম বৈঠকেই অভিষেক যাননি। ভূতুড়ে ভোটার খুঁজতে স্ক্রুটিনি কমিটির ওই বৈঠকে জেলাওয়াড়ি কমিটি গঠন করার সিদ্ধান্তও নেওয়া হয়েছিল। কিন্তু দেখা যায়, সেই জেলাওয়াড়ি কমিটি গঠনও স্থগিত রাখার নির্দেশ আসে কালীঘাট থেকে। এর পরই অভিষেকের ডাকা বৈঠকের চেহারা আড়ে-বহরে বাড়তে শুরু করে। তখনই স্পষ্ট হয়ে গিয়েছিল, ভোটার তালিকার স্ক্রুটিনির জন্য নতুন করে কমিটি গঠন করা হবে। কীভাবে সেই প্রক্রিয়া হবে, বৈঠকে এদিন তা স্পষ্ট করে দেন দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক।

শুরুতে বৈঠকের তাৎপর্য ব্যাখ্যা করেন অভিষেক। বছর ঘুরলেই রাজ্যের বিধানসভা নির্বাচন। নির্বাচন কমিশনের ভূমিকা বোঝাতে গিয়ে বৈঠকে অভিষেক বলেন, অন্য রাজ্যে এক দফা বা দু'দফায় ভোট হলেও বাংলার ক্ষেত্রে আট দফায় ভোট আগেও করেছে কমিশন। এমনকী কোভিডের সময়ও এই নিয়মে বদল ঘটেনি। গত লোকসভা ভোটেও একই ছবি দেখা গিয়েছিল। এমনকী ভোটের সময় সমগ্র রাজ্যের প্রশাসনে কার্যত অদল বদল করে একাধিক কেন্দ্রীয় সংস্থাকে এনে ভোটকে প্রভাবিত করার চেষ্টা হয়।

গত লোকসভা ভোটের আগে সন্দেশখালি কাণ্ড সামনে এসেছিল। সন্দেশখালি, আরজি করের উদাহরণ টেনে দলের নেতা কর্মীদের অভিষেক বোঝাতে চেয়েছেন, ২৬ এর বিধানসভা ভোটের আগে ফের রাজ্যে বিশৃঙ্খলা তৈরির চেষ্টা করতে পারে বিরোধীরা। তাই শুধু সাংগঠনিক কাজ দেখভাল করলেই হবে না, চোখ-কানও খোলা রাখতে হবে। দেখতে হবে, কোথাও কোনও ষড়যন্ত্র তৈরির চেষ্টা হচ্ছে কিনা। এ ব্যাপারে নেতা, কর্মীদের আরও বেশি করে জনসংযোগ বৃদ্ধি পরামর্শও দেন তিনি।

মহারাষ্ট্রের উদাহরণ দিয়ে বৈঠকে অভিষেক বলেন, মহারাষ্ট্রে মাত্র ৪ মাসে ৩৯ লক্ষ ভোটার নতুন করে যুক্ত হয়েছে যার অধিকাংশই ভুতুড়ে বা ভুয়ো ভোটার।

এদিন নির্ধারিত সময়ের অন্তত ৩০ মিনিট আগে থেকেই শুরু হয়ে যায় অনলাইন লিঙ্ক সংক্রান্ত প্রস্তুতি। শুক্রবার একদফা মহড়াও সারা হয়েছিল। তবে নেট ওয়ার্ক সংক্রান্ত সমস্যার জেরে ৪টের পরিবর্তে বিকেল সাড়ে ৪টেই শুরু হয় বৈঠক। ক্যামাক স্ট্রিট থেকে দলের নেতা, কর্মীদের উদ্দেশে টাস্ক দেওয়া শুরু করেন অভিষেক। সঙ্গে ব্যাখ্যাও। কলকাতা থেকে জেলা, শাসকদলের পার্টি অফিসগুলিতে তখন মোবাইলের লিঙ্কের মাধ্যমে অনলাইনে মনোযোগ দিয়ে সর্বভারতীয় সাধারণ সম্পাদকের বার্তা শুনছেন নেতারা।

## সম্পাদকীয়

### মমতার 'জল ধরো জল ভরো' প্রকল্পের প্রশংসা ওয়াংচুকের, পরিবেশ সংরক্ষণে বাংলাকে কুর্নিশ

নিজেকে উপযুক্ত করে গড়ে তোলো। সাফল্য দৌড়ে আসবে তোমার কাছে।'' তুমুল জনপ্রিয় 'থ্রি ইডিয়টস' সিনেমায় আমির খানের এই সংলাপ। থ্রি ইডিয়টসে আমির খানের চরিত্রটি গড়ে উঠেছে যাঁর আদলে সেই লাদাখনিবাসী সোনম ওয়াংচুক প্রশংসা করলেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের 'জল ধরো জল ভরো' প্রকল্পের।সোনম ওয়াংচুকের আশঙ্কা, ''তৃতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়ে গিয়েছে।''কেন এমনটা ভাবছেন 'আইস স্তূপা'-র আবিষ্কারক? স্রেফ বায়ু দূষণের কারণে বিশ্বে ফি-বছর ৭০ লক্ষ মানুষের মৃত্যু হচ্ছে। শুধুমাত্র ভারতে বায়ুদূষণের কারণে মৃত্যুর সংখ্যা ২৫ লক্ষ। সোনম ওয়াংচুকের কথায়, প্রথম দ্বিতীয় বিশ্বযুদ্ধে এত মানুষ মারা যায়নি। তৃতীয় বিশ্বযুদ্ধ কোনও দেশের মধ্যে নয়, পরিবেশের সঙ্গে মানুষের যুদ্ধ।সম্প্রতি গুরগাঁওতে স্বাস্থ্য সংক্রান্ত এক অনুষ্ঠানে হাজির হয়েছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ার-আবিষ্কারক-পরিবেশ কর্মী সোনম ওয়াংচুক। সেখানেই তিনি জানিয়েছেন, দূষণ নিয়ন্ত্রণে ভালো কাজ করছে পশ্চিমবঙ্গ। তাঁর কথায়, ''জল সংরক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ। পশ্চিমবঙ্গ সরকার যেভাবে জল সংরক্ষণের কাজ শুরু করেছে তাদের অভিনন্দন।'' উল্লেখ্য, রাজ্যে সরকার পরিবর্তনের পর 'জল ধরো জল ভরো' প্রকল্পের সূচনা করেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। সারা দেশের সঙ্গে বাংলাতেও বাড়ছিল তীব্র জলসংকট। গ্রীষ্মে অসুবিধায় পড়েন রুক্ষ শুষ্ক অঞ্চলের মানুষ।

২০১১-'১২ অর্থবর্ষে মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন, বৃষ্টির জল সঞ্চয় এবং তা সংরক্ষণের মাধ্যমে মাটির নিচের জলের ভাণ্ডারকে পূর্ণ করে তোলা হবে। যাতে তীব্র গ্রীষ্মে অসুবিধায় না পড়েন শুষ্ক অঞ্চলের মানুষ। এই প্রকল্পের মাধ্যমেই যেসব এলাকায় ভূর্গভস্থ জলের স্তর নামছিল সেই কালনা-২, বর্ধমান-২, মঙ্গলকোট, মেমারি, পূর্বস্থলী সংকটজনক থেকে 'সেমি ক্রিটিকাল' স্তরে উঠে এসেছে। সোনম ওয়াংচুক জানিয়েছেন, ''এই সাফল্যের জন্য পশ্চিমবঙ্গ সরকারকে কুর্নিশ। জল সংরক্ষণের পাশাপাশি অপ্রচলিত শক্তির ব্যবহার, পরিবেশ সংরক্ষণে কাজকে আরও জোরদার করতে হবে।''

# মায়ের আশীর্বাদ অসীম



মৃত্যুঞ্জয় সরদার
(বাইশতম পর্ব)



অবতার ও মায়ের মহিমা আজ থেকে প্রায় আটশো বছর আগেকার ইতিহাস জ্বলন্ত উদাহরণ আমাদের কাছে।মা তারা যে সেখানে ছিল ,আজও আছে ,সারা বিশ্বে তার মহিমা ছড়িয়ে গেছে। আজ বিশ্বব্যাপী কাছে তারাপীঠ একটি পীঠস্থান হিসাবে আমরা দেখি ,সবই মায়ের মহিমা।তারাপীঠের বর্তমান মন্দির মল্লারপুরের জমিদার স্থাপন করলেনও গল্পের শুরু জয়দত্ত সদাগরের কথা হতে। আজও মুখে মুখে চলে আসছে তাঁর কাহিনী। আজ থেকে প্রায় আটশো বছর আগের ঘটনা। তিনি ছিলেন বীরভূমের রত্নাগড় নিবাসী। একবার তিনি বাণিজ্যে প্রভূত

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## বাংলাকে ছোট করার চেষ্টা', সন্দেশখালি-আর জি কর ইস্যুতে নাম না করে ফের বিজেপিকে নিশানা অভিষেকের



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

সন্দেশখালি ও আর জি কর কাণ্ড নিয়ে গতবছর তোলপাড় হয়েছে রাজ্য-রাজনীতি। ঘটনার নিন্দা করলেও নেপথ্যে বিজেপির চক্রান্ত বলেই ভারচুয়াল বৈঠক থেকে দাবি করলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। বললেন, 'দেশের সামনে বাংলাকে ছোট করার চেষ্টা হয়েছে।'উল্লেখ্য, রেশন দুর্নীতি মামলাকে কেন্দ্র করে ২০২৪ সালে উত্তাল হয়ে ওঠে সন্দেশখালি। ওই এলাকার বাদশা শেখ শাহজাহানের বাড়িতে তল্লাশি চালাতে গিয়ে আক্রান্ত হন ইডি আধিকারিকরা। এরপর দীর্ঘদিন ফেরার ছিলেন শাহজাহান। এদিকে তাঁর বিরুদ্ধে জমি-ভেড়ি দখল, মহিলাদের উপর অত্যাচার-সহ একাধিক অভিযোগ ওঠে। পরবর্তীতে চাঞ্চল্যকর অডিও ক্লিপ প্রকাশ্যে আসে। সেখানে দাবি করা হয়, বিজেপির চক্রান্তেই নাকি শাহজাহানের বিরুদ্ধে মিথ্যে অভিযোগের ঝুলি সাজিয়েছিলেন সন্দেশখালির মহিলাদের একাংশ। এদিকে গতবছর আগস্ট মাসে কর্তব্যরত অবস্থায় আর জি কর হাসপাতালে ধর্ষণ ও খুন করা হয় এক তরুণী চিকিৎসককে।

এরপর ৫ পাতায়

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সৌরজগতের শনি গ্রহ ও সপ্তাহের শনিবার দিনটি শনিদেবেরর নামে নামকরণ করা হয়। শনিদেব কে শনিশ্চর বা শনৈশ্চর নামেও ডাকা হয়। শনি সনাতন হিন্দু ধর্মের একজন দেবতা যিনি সূর্যদেব ও তাঁর পত্নী ছায়াদেবীর পুত্র, এজন্য তাঁকে ছায়াপুত্র-ও বলা হয়।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# দোলে নবদ্বীপে মহা ধুমধামের সঙ্গে পালিত হলো মহাপ্রভুর অন্ন প্রাশন উৎসব

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



নবদ্বীপ মানেই শ্রীকৃষ্ণে উৎসব ভূমি। ১৪ তারিখ দোলের দিন সারা শহর জুড়ে ভক্তদের ভিড় ছিল চোখে পড়ার মতো। ১৪ মার্চ দোল উৎসব, তথা গৌর পূর্ণিমা দেশ জুড়েই পালিত হবে যথাযথ মর্যাদায়। হেরিটেজ শহর নবদ্বীপ ধামে এই উৎসবকে ঘিরে থাকে এক আলাদাই উন্মাদনা। একাধারে যেমন বসন্তের আগমনে সকলে রং এর উৎসবে নিজেদের রাঙিয়ে তোলে, পাশাপাশি চৈতন্য মহাপ্রভুর শুভ আবির্ভাব তিথিকেও যথাযথ মর্যাদায় পালন করা হয় নবদ্বীপ শহরে। আর অন্যান্য উৎসব অনুষ্ঠানের থেকেও এই দোল উৎসবে নবদ্বীপে ঘটে দেশের বিভিন্ন প্রান্তের পাশাপাশি বহু বিদেশি পর্যটক তথা ভক্তের সমাগম। নবদ্বীপ শহরে কমবেশি আনুমানিক পাঁচশত মঠ মন্দির আছে, আর গৌরাঙ্গ মহাপ্রভুর শুভ আবির্ভাব তিথি উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠানেরও আয়োজন কমবেশি প্রায় সকল মঠ মন্দিরেই হয়ে থাকে। সারাদিন ধরে চলে ভক্তদের নাচ-গান ও পথ পরিক্রমা। কৃষ্ণ প্রেমে মাতোয়ারা থাকেন ভক্তেমন্ডলী।

অন্যরকমভাবে মহাপ্রভুর শুভ অন্নপ্রাশন অনুষ্ঠান অনুষ্ঠিত হয় শহরের মধ্যস্থলে থাকা নবদ্বীপ ধামেশ্বর মহাপ্রভু মন্দিরে। নবদ্বীপ ধামেশ্বর মহাপ্রভু মন্দিরে সভাপতি সুধীন গোস্বামী জানান গৌরাঙ্গ মহাপ্রভুর ৫৪০ তম শুভ আবির্ভাব তিথি উপলক্ষে ৭ থেকে ৯ দিন ব্যাপী বিভিন্ন সাংস্কৃতিক ও ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে প্রতি বছরের মতোই। তিনি জানান গত ৯ মার্চ শ্রীমদ্ভাগত পাঠ, চৈতন্য চরিতামৃত পাঠ দিয়ে শুরু হয়েছে অনুষ্ঠানের। এর পর প্রতিদিন চলছে বিভিন্ন অনুষ্ঠান, যেমন বৃন্দাবন ঘরানার নৃত্য, ওড়িশি নৃত্য, গত ১২ তারিখ অনুষ্ঠিত হয়েছে যাত্রাপালা, ১৪ মার্চ সন্ধ্যায় অনুষ্ঠিত হয় মহা অভিষেক। তিনি আরও জানান মা বিষ্ণুপ্রিয়া দেবীর পিতা সনাতন মিশ্রের সেবায়েত রাজ রাজেশ্বরী যে শিলা আছে, সেই শিলার উপর ষোড়শোপচারে এই অভিষেক অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়, ও প্রসাদ বিতরণ করা হয়ে থাকে। সকলে মহা প্রসাদ গ্রহণ করে। ভক্তিমূলক গানে দোল যাত্রার সারা দিন গমগম করেছে নবদ্বীপ।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




(৪ পাতার পর)

# বাংলাকে ছোট করার চেষ্টা', সন্দেশখালি-আর জি কর ইস্যুতে নাম না করে ফের বিজেপিকে নিশানা অভিষেকের

সেই ইস্যুকে বিরোধীরা নিজেদের মতো করে কাজে লাগানোর চেষ্টা করেছেন বলেও অভিযোগ ওঠে। ধর্ষণের ঘটনায় ইতিমধ্যেই একজনকে দোষী সাব্যস্ত করেছে আদালত। তাঁকে আমৃত্যু কারাদণ্ডের নির্দেশ দেওয়া হয়েছে।শনিবার ক্যামাক স্ট্রিট থেকে দলের সর্বস্তরের নেতাদের সঙ্গে ভারচুয়াল বৈঠক করেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। ছাব্বিশের নির্বাচনে দলের কর্মীদের আরও চাঙ্গা করতে একাধিক নির্দেশ দেন তিনি। ভুতূড়ে ভোটার থেকে শুরু করে গত লোকসভা নির্বাচনের খামতি, সব বিষয়ে আলোচনা করেন তিনি। একাধিক সিদ্ধান্ত জানান। এদিনের বৈঠকেও ওঠে সন্দেশখালি ও আর জি কর ইস্যু। সেখানেই সন্দেশখালি কাণ্ড বাংলাকে কলুষিত করতে বিজেপির চক্রান্ত বলেই দাবি করেন তিনি। আর জি কর কাণ্ড নিন্দনীয় বলে মন্তব্য করলেও এর নেপথ্যেও বিরোধীদের হাত রয়েছে বলেই দাবি করলেন অভিষেক। বললেন, "দেশের কাছে বাংলাকে ছোট করার চেষ্টা চলছে।"

প্রসঙ্গত, আর জি কর কাণ্ড নিয়ে আগেও সরব হয়েছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। দোষীর শাস্তির দাবি করেছেন। গোটা ঘটনাকে বিরোধীরা রাজনৈতিক স্বার্থে ব্যবহারের চেষ্টা করছে বলে বারবার দাবি করেছেন অভিষেক। এদিনও সেই সুরই শোনা গেল তৃণমূল সেনাপতির গলায়। যদিও দৃপ্ত কণ্ঠে এদিন দাবি করলেন, চক্রান্ত করে বাংলাকে দেশের সামনে ছোট করার চেষ্টা করলেও, লাভ হবে না। বাংলাকে কলুষিত করা যাবে না।

# শেষ পর্যন্ত যুদ্ধ বিরতিতে রাজি পুতিন

বেবি চক্রবর্তী: দিল্লী



যুদ্ধ উন্মত্ত পৃথিবীর কাছে এর থেকে শুভ সংবাদ আর হতে পারে না। শেষ পর্যন্ত রাশিয়া ও ইউক্রেন দু'পক্ষই যুদ্ধ বিরতিতে সম্মত হয়েছে। আর এর এর প্রধান কৃতিত্ব অবশ্যই ট্রাম্পের। কিন্তু যুদ্ধ থামাতে অক্লান্ত পরিশ্রম করেছিলেন ভারতের প্রধানমন্ত্রী মোদী। সেকথা ভুলে জান নি পুতিন। যুদ্ধ বিরতি নিয়ে প্রথমবার সাংবাদিকদের মুখোমুখি হলেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সেখানেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভূয়সী প্রশংসা শোনা গেল তাঁর মুখে। পুতিনের কথায়, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ থামাতে অনেকটা সময় ব্যয় করেছেন মোদি-সহ অন্যান্য রাষ্ট্রনেতারা। সেকারণে তাঁদের ধন্যবাদ জানিয়েছেন পুতিন। বৃহস্পতিবার ক্রেমলিনে এক সাংবাদিক সম্মেলনে পুতিন বলেন, ''আমরা যুদ্ধবিরতির প্রস্তাবে রাজি আছি। কিন্তু আমাদের দেখতে হবে যেন যুদ্ধবিরতি দীর্ঘমেয়াদি শান্তির দিকে এগিয়ে নিয়ে যায়। এবং এই সংকটের মূল কারণগুলি দূর করতে পারে।'' আশা করা যায়, এবার বিশ্ব জুড়ে ধীরে ধীরে শান্তি স্থাপিত হবে।

মধ্য প্রাচ্যের যুদ্ধও এই মুহূর্তে বন্ধ। যদিও ইরান কিন্তু যুদ্ধের হুঙ্কার দিয়ে চলেছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যেভাবে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ থামাতে সচেষ্ট হয়েছেন, সেই প্রচেষ্টার প্রশংসাও করেন রুশ প্রেসিডেন্ট। যদিও সেকথা বলেও তিনি মনে করিয়ে দিচ্ছেন, ''আইডিয়াটি সঠিক। এবং আমরা এটাকে সমর্থন করছি। কিন্তু কিছু ইস্যু নিয়ে আলোচনা করার প্রয়োজন রয়েছে। আমি মনে করি আমাদের মার্কিন সতীর্থের সঙ্গে এই নিয়ে কথা হবে।'' শিগগির তিনি এই নিয়ে কথা বলতে ট্রাম্পকে ফোন করবেন বলেও জানান পুতিন। তারপরেই একঝাঁক রাষ্ট্রনেতার নাম উঠে আসে রুশ প্রেসিডেন্টের মুখে। পুতিন বলেন, "ইউক্রেন সমস্যা মেটানোর জন্য যেভাবে উদ্যোগ নিয়েছেন ট্রাম্প, তার জন্য আমরা কৃতজ্ঞ। এছাড়াও ভারতের প্রধানমন্ত্রী, চিনের চেয়ারম্যান, ব্রাজিলের প্রেসিডেন্ট, দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্টকে ধন্যবাদ জানান তিনি।

# পিএম গতিশক্তির অধীনে নেটওয়ার্ক প্ল্যানিং গ্রুপের ৮৯তম বৈঠকে গুরুত্বপূর্ণ কয়েকটি প্রকল্পের পর্যালোচনা

নতুন দিল্লি, ১৪ মার্চ, ২০২৫

শিল্পোৎসাহ এবং অভ্যন্তরীণ বাণিজ্য দপ্তরের যুগ্ম সচিব শ্রী পঙ্কজ কুমারের নেতৃত্বে নেটওয়ার্ক প্ল্যানিং গ্রুপ (এনপিজি)-এর ৮৯তম বৈঠক আজ অনুষ্ঠিত হয়। এই বৈঠকে সড়ক, রেল এবং মেট্রোর কয়েকটি গুরুত্বপূর্ণ পরিকাঠামো সংক্রান্ত প্রকল্পের পর্যালোচনা করা হয়েছে। পিএম গতিশক্তি ন্যাশনাল মাস্টার প্ল্যান-এর আওতায় বহুস্তরীয় যোগাযোগ ও পণ্য পরিবহনের ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি করা এই বৈঠকের মূল উদ্দেশ্য ছিল।

বহুস্তরীয় সুসংহত পরিকাঠামো নির্মাণের উদ্দেশ্যে পিএম গতিশক্তির আওতায় এনপিজি ৮টি প্রকল্পের মূল্যায়ন করেছে। এর মধ্যে চারটি সড়ক সংক্রান্ত, তিনটি রেল প্রকল্প এবং একটি মেট্রো রেলের। পিএম গতিশক্তির মূল উদ্দেশ্য হল দেশের প্রত্যন্ত অঞ্চলে যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটানোর মধ্য দিয়ে আর্থ-সামাজিক চাহিদা পূরণ করা। সংশ্লিষ্ট প্রকল্পগুলি বাস্তবায়িত হলে বিভিন্ন অঞ্চলের যাতায়াতের সময় যেমন কমবে, পাশাপাশি পণ্য পরিবহনে দক্ষতা বৃদ্ধি পাবে।

সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রক

১. মেঘালয়ের দারুগিরি থেকে ডালু শাখার মধ্যে দুই লেনের শক্তিশালী সড়ক ব্যবস্থা

মেঘালয়ের দারুগিরি থেকে ডালু-র মধ্যে ৬২ নম্বর জাতীয় সড়ক (বর্তমানে যা ২১৭ নম্বর জাতীয় সড়ক হিসেবে পরিচিত)-টিকে চওড়া করা হচ্ছে। এই প্রকল্পের আওতায় দুই লেন বিশিষ্ট একটি শক্তিশালী সড়ক ব্যবস্থা গড়ে তোলা হবে। পূর্ব গারো হিলস, পশ্চিম গারো হিলস এবং দক্ষিণ গারো হিলসের মধ্য দিয়ে ১৩৬.১১ কিলোমিটার দীর্ঘ এই প্রকল্পের কাজ বাস্তবায়িত হলে সংশ্লিষ্ট অঞ্চলের যোগাযোগ ব্যবস্থার মানোন্নয়ন ঘটবে। সীমান্তের অপর প্রান্ত থেকে পণ্য পরিবহনের ফলে ব্যবসা-বাণিজ্যের উন্নতি হবে, ফলস্বরূপ সংশ্লিষ্ট অঞ্চলের অর্থনীতির উন্নতি হবে।

২. গোহপুর ও নুমালিগড়ের মধ্যে ব্রহ্মপুত্র নদীর তলা দিয়ে চার লেনের একটি সুড়ঙ্গ নির্মাণ

এই প্রকল্পটিতে দেশের মধ্যে প্রথম কোনো বড় নদীর তলায় সুড়ঙ্গের মাধ্যমে সড়ক যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা হবে। চার লেনের এই সুড়ঙ্গ সংশ্লিষ্ট অঞ্চলের মানুষের যাতায়াতের প্রভূত উন্নতি ঘটাবে। ২৪০ কিলোমিটারের পরিবর্তে মাত্র ৩৪ কিলোমিটার পথ অতিক্রম করতে হবে। এর ফলে, যে দূরত্ব যেতে ৬ ঘণ্টা ৩০ মিনিট সময় লাগে, তা মাত্র ৩০ মিনিটে পৌঁছানো যাবে। নদীর তলা দিয়ে দুটি টিউবের মাধ্যমে এই সুড়ঙ্গ নির্মাণ করা হবে। ফলস্বরূপ, অরুণাচল প্রদেশ, মণিপুর সহ উত্তর পূর্বাঞ্চলের অন্যান্য রাজ্যের মধ্যে যোগাযোগ ব্যবস্থার মানোন্নয়ন ঘটবে।

৩. কালিয়াবোর-নুমালিগড়ের মধ্যে জাতীয় সড়কটিকে প্রশস্ত করে চার লেনের করা হবে।

আসামের কালিয়াবোর ও নুমালিগড়ের মধ্যে দুই লেনের ৩৭ নম্বর/৭১৫ জাতীয় সড়কের কালিয়াবোর ও নুমালিগড় শাখা চওড়া করে চার লেন করা হবে। এর ফলে নগাঁও, কার্বি অংলং ও গোলাঘাট জেলায় ৮৫.৬৭ কিলোমিটার দীর্ঘ সড়ক পথের মানোন্নয়ন হবে। এই প্রকল্পটি কাজিরাঙ্গা জাতীয় উদ্যানের মধ্য দিয়ে বাস্তবায়িত হবে। উদ্যানের জীববৈচিত্র্য রক্ষার জন্য বণ্যপ্রাণবান্ধব বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হবে। বেশ কিছু জায়গায় উড়ালপুল নির্মাণ করা হবে।

৪. মেজিলার থেকে জয়সালমীরের মধ্যে দুই লেনের জাতীয় সড়ক নির্মাণ/মানোন্নয়ন ঘটানো হবে। জয়সালমীর বাইপাস লিঙ্ক রোড এই প্রকল্পের অন্তর্ভুক্ত

রাজস্থানে ১১ নম্বর এবং ৭০ নম্বর জাতীয় সড়কের মধ্যে ১৩৮ কিলোমিটারের বেশি দীর্ঘ এই প্রকল্পটি সংশ্লিষ্ট অঞ্চলের পর্যটন শিল্পের প্রসার ঘটাবে। প্রকল্প নির্মাণের সময়ে পথ নিরাপত্তা বৃদ্ধির বিষয়টি বিবেচনা করা হবে। এটি বাস্তবায়িত হলে প্রতিরক্ষা মন্ত্রকের সুবিধা হবে।

রেল মন্ত্রক

১. বদলাপুর ও কারজাতের মধ্যে তৃতীয় ও চতুর্থ লাইন

মুম্বাই-পুনে-সোলাপুর-ওয়াধি-চেন্নাই করিডোরে যাত্রী ও পণ্য পরিবহন বৃদ্ধি পাওয়ায় ৩২ কিলোমিটারের বেশি রেল পথের মানোন্নয়ন ঘটানো হবে। এর ফলে গুরুত্বপূর্ণ বাণিজ্যিক কেন্দ্রগুলির যোগাযোগ ব্যবস্থাপনার মানোন্নয়ন ঘটবে। বদলাপুর, ভাঙানি, শেলু, নেরাল, বিভপুরী এবং কারজাতের মতো শহরগুলির বাসিন্দারা এই প্রকল্পে লাভবান হবেন।

২. নেরগুন্ডি ও কটকের মধ্যে ফ্লাইওভার সহ চতুর্থ লাইন

ওড়িশায় ১৫.৯৯ কিলোমিটার দীর্ঘ রেল পথের উপর চাপ কমাতে চতুর্থ লাইন বসানো হবে। এর ফলে, সংশ্লিষ্ট শাখায় পণ্য পরিবহনের সুবিধা হবে। পারাদ্বীপ বন্দর, তালচের কয়লাখনি সহ গুরুত্বপূর্ণ ইস্পাত ও বিদ্যুৎ কেন্দ্রের পণ্য পরিবহনে গতি আসবে।

৩. হরিদাসপুর ও পারাদ্বীপের মধ্যে দ্বিতীয় লাইন বসানো

ওড়িশায় ৭৪.০৯ কিলোমিটার দীর্ঘ এই প্রকল্পের মূল উদ্দেশ্য হল তালচের কয়লাখনি থেকে পারাদ্বীপ বন্দরে কয়লা পরিবহনকে আরও সহজ করে তোলা। দ্বিতীয় লাইনের কাজ শেষ হলে এই রেল পথ দিয়ে পণ্যবাহী ট্রেন চলাতে সুবিধা হবে। পাশাপাশি, আঙ্গুল-ঝাড়সুগুদা শিল্পাঞ্চলের ক্ষেত্রে তা সহায়ক হবে।

আবাসন ও নগরোন্নয়ন মন্ত্রক

রাজকোট মেট্রো রেল প্রকল্প

গুজরাটের রাজকোটে যানজট কমাতে এবং সুস্থায়ী পরিবহন ব্যবস্থাপনা গড়ে তুলতে রাজকোট মেট্রো প্রকল্প গড়ে তোলা হবে। ৪১.১১ কিলোমিটার দীর্ঘ পরিবেশবান্ধব এই প্রকল্পটি রাজকোট শহরের পরিকাঠামোর মানোন্নয়ন ঘটাবে। এই অঞ্চলের রেল ও বাস পরিষেবার সঙ্গে এটি কার্যকর হলে বহুস্তরীয় যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠবে, যা অটো এবং সাইকেল রিক্সার পাশাপাশি গণপরিবহনের আরেকটি মাধ্যম হিসেবে কাজ করবে।

পিএম গতিশক্তি ন্যাশনাল মাস্টার প্ল্যানের আওতায় এই পরিকাঠামো সংক্রান্ত প্রকল্পগুলি যোগাযোগ ব্যবস্থা ও পণ্য পরিবহনের মানোন্নয়নের ক্ষেত্রে সহায়ক হবে। এগুলি জাতীয় ও আঞ্চলিক আর্থিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

# সিনেমার খবর

## দ্রুত বিয়ের সিদ্ধান্তই কি তামান্না-বিজয়ের প্রেম ভাঙার কারণ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

লুকোছাপা না করে অভিনেতা বিজয় ভার্মার সঙ্গে প্রেমের কথা স্বীকার করেছিলেন দক্ষিণী অভিনেত্রী তামান্না ভাটিয়া। শুধু প্রেম নয়, বিয়ের কথাও এসেছিলে অনেক গণমাধ্যমে। তবে বিয়ে তো দূরের কথা, সপ্তাহখানেক হলো তাদের প্রেমের সম্পর্কটাই নাকি ভেঙে গেছে।

এমন খবরে ভক্তদের মনে নানা প্রশ্ন, কেন হঠাৎ এমন সিদ্ধান্ত? আদৌ কি বিচ্ছেদের পথে এই পাওয়ার কাপল? ভারতীয় গণমাধ্যম সূত্রে জানা গেছে, প্রায় দুই বছরের সম্পর্ক তাদের। নিজস্ব স্টাইলেই ভক্তদের মন জয় করে নিয়েছিলেন তারা। 'লাস্ট স্টোরিজ ২'-এর শুটিংয়ের সময় থেকেই তামান্না এবং বিজয় ঘনিষ্ঠ হয়ে ওঠেন।

বিচ্ছেদের কারণ খুঁজতে গিয়ে কেউ বলছেন, দু'জনের মধ্যে মতপার্থক্য এর জন্য দায়ী। কেউ আবার বলছেন, কাজে ব্যস্ত থাকার কারণে দু'জনেই একে অপরকে সময় দিতে পারছিলেন না। সম্প্রতি, একটি প্রতিবেদনে এমনটাও দাবি করা হচ্ছে যে, বিয়ের জন্য চাপ দেওয়ায় এই বিচ্ছেদের সিদ্ধান্ত।

পিঙ্কভিলার সূত্র বলছে, 'কয়েক সপ্তাহ আগে তামান্না ভাটিয়া এবং বিজয় বর্মার ব্রেকআপ হয়। কিন্তু, এখনও তারা ভালো বন্ধু। এই বন্ধুত্ব বজায়ও রাখতে চান। এই মুহূর্তে তারা দু'জনেই নিজেদের কাজ নিয়ে ব্যস্ত।

তবে অন্য একটি জনপ্রিয় সংবাদ মাধ্যমের প্রতিবেদন অনুসারে, তামান্না শিগগিরই বিয়ে করে সংসার শুরু করতে চাইলেও, বিজয় প্রস্তুত নন। ফলে দু'জনের সম্পর্কে ফাটল তৈরি হয়েছে। কিছু দিন আগে শুভঙ্কর মিশ্রকে দেওয়া বিজয়ের সাক্ষাৎকার ভাইরাল হয়।

যেখানে তিনি তামান্নার সঙ্গে তার সম্পর্কের কথা স্বীকারও করেছিলেন। বিজয় বলেছিলেন, 'আমরা দু'জনেই একমত হয়ে সম্পর্কের কথা প্রকাশ্যে এনেছিলাম। লুকিয়ে যাওয়ার কোনও প্রয়োজন কখনও অনুভব করিনি।' এখন প্রশ্ন, এত কিছুর পরেও কেন এমন সিদ্ধান্ত।

## অবশেষে শাহিদের সঙ্গে সম্পর্ক ভাঙার কারণ জানালেন কারিনা

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

বলিউডে এক সময় কারিনা কাপুর ও শাহিদ কাপুরের প্রেম ছিল চর্চার শীর্ষে। তাদের ঘনিষ্ঠতা এমন জায়গায় পৌঁছেছিল যে অনুরাগীরা তো বটেই, দুজনের পরিবারও এই সম্পর্ককে পরিণতি পাবে বলেই ভেবেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত তা আর হয়নি। কারণটা হয়তো আজও অনেকেরই অজানা। বিভিন্ন সময় কারিনাকে এ বিষয়ে মুখ খুলতে দেখা গেছে। বলিপাড়ায় কান পাতলেই শোনা যায় 'জব উই মেট'-এর শুটিং চলাকালীনই কারিনা আর শাহিদের বিচ্ছেদ ঘটে।

তাদের ব্রেকআপের খবর ছড়িয়ে পড়লেও এতদিন এর আসল কারণ রহস্যই ছিল। কেউই তখন বিষয়টি



নিয়ে সংবাদমাধ্যম কিংবা ঘনিষ্ঠজনদের কাছেও মুখ খুলেননি। তবে সম্প্রতি এক সাক্ষাৎকারে কারিনা নিজেই জানালেন, কেন তাদের সম্পর্কের ইতি ঘটেছিল। কারিনার কথায়, শাহিদ বন্ধুর মতো ভালো ছিলেন, তবে তার ইগো ছিল অনেক বেশি। আর সেটাই তাদের সম্পর্কে সমস্যা তৈরি করেছিল। সামান্য কথাতেই ঝগড়া হতো। আর ঝগড়া হলেই শাহিদ কথা বলা বন্ধ করে দিতেন। রাতের পর রাত ফোনও করতেন না।

তবে কারিনা এটাও স্বীকার করেছেন, সময়ের সঙ্গে সঙ্গে শাহিদ অনেক বদলেছেন। এখন হয়তো আগের মতো ইগোটা আর নেই। উল্লেখ্য, সাইফ আলি খানের সঙ্গে বিয়ের পর কারিনা সাধারণত শাহিদের প্রসঙ্গে মুখ খুলতে চাননি। অতীত নিয়ে কথা বলা তিনি বিভিন্ন জায়গায় এড়িয়েই চলতেন। তবে এবার সেই নীরবতা ভাঙলেন। কারিনার বক্তব্যে স্পষ্ট, যদিও তাদের পথ আলাদা হয়ে গিয়েছে, তবু অভিনেত্রীর শুভকামনা রয়ে গেছে প্রাক্তন প্রেমিক শাহিদের প্রতি।

## যে নাম নিয়ে আপত্তি জানালেন অভিনেত্রী নয়নতারা



নয়নতারা

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

জনপ্রিয়তার নিরিখে তারকাদের নামের সঙ্গে নানা বিশেষণ জুড়ে যায়। 'বিগ বি' থেকে 'বাদশাহ'—তালিকা দীর্ঘ। দক্ষিণী ভারতের অভিনেত্রী নয়নতারাকে যেমন অনুরাগীরা 'লেডি সুপারস্টার' নামে সম্বোধন করতে পছন্দ করেন। তবে এই বিষয়টি নিয়ে এবার আপত্তি জানিয়েছেন নয়নতারা।

সামাজিক যোগাযোগমাধ্যমে একটি দীর্ঘ বিবৃতি দিয়েছেন নয়নতারা।

নিজের এক্স (সাবেক টুইটার) হ্যান্ডলে তিনি জানিয়েছেন, এরপর থেকে তাকে যেন আর 'লেডি সুপারস্টার' নামে না ডাকা হয়।

নয়নতারা লেখেন, "আমার বিনীত অনুরোধ, আমাকে 'নয়নতারা' বলেই ডাকুন। কারণ এই নামটা আমার হৃদয়ের কাছের।"

একই সঙ্গে নয়নতারা জানিয়েছেন, যেকোনও বিশেষণ ভালবাসার বহিঃপ্রকাশ। কিন্তু কখনও-কখনও তা অভিনেতাকে তার কাজ এবং প্রকৃত পরিচয় থেকে দূরে ঠেলে দিতে পারে।

নয়নতারা লেখেন, "ভবিষ্যৎ সব সময়েই অনিশ্চিত। কিন্তু তার মাঝেও আমি আপনাদের ভালবাসায় আপ্লুত। আমিও আমার নিষ্ঠা এবং পরিশ্রমের মাধ্যমে আপনাদের মনোরঞ্জন করতে থাকব।"

নয়নতারাকে দর্শক এরপর 'টেস্ট' ছবিতে দেখবেন। ওটিটির জন্য নির্মিত ছবিটির মুক্তির দিন এখনও প্রকাশ্যে আসেনি। পাশাপাশি একাধিক নতুন কাজের প্রস্তুতি নিচ্ছেন অভিনেত্রী।

# গোলের আনন্দ মুহূর্তেই রূপ নিল বেদনায়

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বায়ার্ন মিউনিখের বিপক্ষে বায়ার লেভারকুজেনের অপরাজেয় পথচলা থেমে গেল। দাপুটে জয়ে কোয়ার্টার-ফাইনালে ওঠার পথে এগিয়ে গেল ছয়বারের ইউরোপ চ্যাম্পিয়নরা। বুধবার (৫ মার্চ) রাতে শেষ ষোলোর প্রথম লেগে ৩-০ গোলে জিতেছে স্বাগতিকরা। জয় নিয়ে মাঠ ছাড়লেও গোলরক্ষক মানুয়েল নয়ারকে নিয়ে অস্বস্তিতে বায়ার্ন মিউনিখ।


মানুয়েল নয়ার।

চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচে দলের গোল উদযাপন করতে গিয়ে চোটে পড়েছেন বায়ার্ন মিউনিখের গোলরক্ষক মানুয়েল নয়ার। মাঠ ছেড়ে যেতে হয় তাকে। অভিজ্ঞ গোলকিপারকে এখন পরের লেগে পাওয়া নিয়ে ঘোর অনিশ্চয়তায় আছে বায়ার্ন মিউনিখ।

চ্যাম্পিয়ন্স লিগের শেষ ষোলোর ম্যাচটিতে ঘরের মাঠে বায়ার্ন ৩-০ গোলে উড়িয়ে দেয় বায়ার লেভারকুজেনকে। নবম মিনিটে হেড থেকে দলকে এগিয়ে দেওয়া হ্যারি কেইন আরেকটি গোল করেন পেনাল্টি থেকে ৭৫তম মিনিটে। ইংলিশ ফরোয়ার্ডের দুই গোলের মাঝে ৫৪তম মিনিটে গোল করেন জামাল মুসিয়ালা।

এই গোল উদযাপনেই একটু বাঁধনহারা হয়ে গিয়েছিলেন নয়ার। পা ধরে বসে পড়েন ৩৮ বছর বয়সী গোলকিপার। মাঠে কিছুক্ষণ চিকিৎসা দেওয়া হলেও আর খেলা চালিয়ে যেতে পারেননি। তাকে তুলে নেওয়া হয়। বদলি হিসেবে মাঠে নেমে বার্য়ানের জার্সিতে অভিষেকের স্বাদ পান ২১ বছর বয়সী গোলকিপার ইয়োনাস উরব্রিগ।

ম্যাচের পর বায়ার্নের কোচ ভিনসেন্ট কম্পানি বলেন, নয়ারের চোট নিয়ে আপাতত পর্যবেক্ষণ করবেন তারা।

তিনি জানান, "এই মুহূর্তে মানুয়েলকে নিয়ে কোনো খবর জানানোর মতো কিছু আমার কাছে নেই। তবে এটা সত্যি যে, গোল উদযাপনের সময় চোট বাধিয়েছে সে। মনে হচ্ছে কাফ মাসলে লেগেছে। আরও ভালো করে দেখতে হবে।"

প্রথম লেগের বড় জয়ে কোয়ার্টার-ফাইনালে এক পা দিয়ে রাখলেও এখনই স্বস্তির কিছু দেখছেন না বায়ার্ন কোচ। তিনি বলেন, "আমরা মাত্র অর্ধেক পথ পেরিয়েছি। এই ম্যাচের নয়, এই লড়াইয়ের অর্ধেক। বাকি অর্ধেকে আমাদের পাড়ি জমাতে হবে লেভারকুজেনে। সেখানেও একইভাবে এগোতে হবে আমাদের।"

## ভাঙতে যাচ্ছে ফুটবল বিশ্বকাপের দীর্ঘদিনের ঐতিহ্য



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোয় হবে ২০২৬ ফুটবল বিশ্বকাপ। আগামী বছরের ১৯ জুলাই শিরোপা নির্ধারণী লড়াই হবে যুক্তরাষ্ট্রের নিউ জার্সিতে। ফুটবল বিশ্বকাপের দীর্ঘদিনের ঐতিহ্য এবার এই দিনে ভাঙতে যাচ্ছে। কারণ ফাইনালের বিরতিতে প্রথমবারের মতো 'শো' আয়োজনের উদ্যোগ নিয়েছে বিশ্ব ফুটবলের নিয়ন্তা সংস্থা ফিফা।

যুক্তরাষ্ট্রের ন্যাশনাল ফুটবল লিগের (এনএফএল) ফাইনাল সুপার বৌলের মাঝ বিরতিতে 'শো' আয়োজন করে থাকে কর্তৃপক্ষ। সেই ধারায় এবার বিশ্বকাপের ফাইনালেও তেমনই কিছু করার সিদ্ধান্ত নেওয়ার কথা বলেছেন ফিফা প্রধান জিয়ান্নি ইনফান্তিনো। ফুটবল ম্যাচে মাঝ বিরতিতে ১৫ মিনিট সময় দেওয়া হয়। 'শো' আয়োজন করলে ২০২৬ বিশ্বকাপের ফাইনালে এই সময় বাড়ানো হবে কিনা সেটি নিয়ে কিছু বলেননি ইনফান্তিনো। সামাজিক যোগাযোগের মাধ্যম ইনস্টাগ্রামে ইনফান্তিনো 'কয়েকজন শিল্পীর পারফর্ম' করার কথা বলেছেন। তিনি জানান, "নিউ জার্সিতে ফিফা বিশ্বকাপের ফাইনালে প্রথমবারের মতো মাঝবিরতিতে অনুষ্ঠান করা হবে, এটা আমি নিশ্চিত করছি। ফিফা বিশ্বকাপের জন্য এটা ঐতিহাসিক একটি মুহূর্ত এবং বিশ্বের সবচেয়ে বড় ক্রীড়া আসরের উপযোগী একটি অনুষ্ঠান আয়োজন করা হবে।"

## ব্যাটিং কোচ হিসেবে ইউসুফের প্রত্যাবর্তন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

চ্যাম্পিয়ন্স ট্রফিতে দুটি ম্যাচ খেলেছে পাকিস্তান। সেই দুই ম্যাচেই হেরেছে স্বাগতিকরা। যেখানে বোলিং-ব্যাটিং দুই বিভাগেই ব্যর্থ ছিল মোহাম্মদ রিজওয়ানের দল। ঘরের মাঠে এমন বাজে পারফরম্যান্সের পর এবার তাদের কোচিং প্যানেলেও এসেছে পরিবর্তন। নতুন ব্যাটিং কোচ নিয়োগ দিয়েছে পিসিবি।

এতদিন পিসিবির হাই পারফরম্যান্স সেন্টারের ব্যাটিং কোচ হিসেবে কাজ করেছেন মোহাম্মদ ইউসুফ। এবার পাকিস্তান জাতীয় দলের ব্যাটিং কোচের দায়িত্ব পেলেন তিনি। আসন্ন নিউজিল্যান্ড সফরেই জাতীয় দলের ব্যাটিং কোচ হিসেবে কাজ শুরু করবেন তিনি।

২০২২ সালেও জাতীয় দলের ব্যাটিং কোচ হিসেবে কাজ করার অভিজ্ঞতা আছে সাবেক এই ক্রিকেটারের। এ ছাড়া পাকিস্তানের নির্বাচক ও পাকিস্তান অনূর্ধ্ব–১৯ দলের প্রধান



কোচ হিসেবেও কাজ করেছেন ইউসুফ।

২০২৩ ওয়ানডে বিশ্বকাপ ও ২০২৪ টি-টোয়েন্টি বিশ্বকাপের মতো চ্যাম্পিয়ন্স ট্রফিতেও ভালো করতে পারেনি পাকিস্তান। ভারত ও নিউজিল্যান্ডের বিপক্ষে হেরে গ্রুপ পর্ব থেকেই বিদায় নিয়েছেন বাবর-রিজওয়ানরা। পুরো টুর্নামেন্টেই ব্যাটিং ব্যর্থতা ভুগিয়েছে তাদেরকে। ব্যাটারদের ব্যর্থতার পর ব্যাটিং কোচ শহীদ আসলামকে সরিয়ে দিয়েছে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। আসলামের জায়গায় নতুন ব্যাটিং কোচ হিসেবে নিউজিল্যান্ড সফরে যাচ্ছেন ইউসুফ।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR